



কার্যালয়
জোনাল কমান্ডার পূর্ব জোন
বাংলাদেশ কোস্ট গার্ড
মৎস্য বন্দর, চট্টগ্রাম

বিজ্ঞপ্তি নং ৪৪.০৮.১৫৬১.২০০.০৬.০০৬.২৬.১১০৮ তারিখ ১৬ মার্চ ২০২৬।

২০২৬-২০২৭ অর্থ বছরের কোস্ট গার্ড পূর্ব জোন, চট্টগ্রামে সরবরাহকারী ও ঠিকাদার তালিকাভুক্তি এবং নবায়ন প্রসঙ্গে

সূত্র

ক। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৬০.৪৮.০০১.২৬.৩৯৮ তারিখ ১২ মার্চ ২০২৬।

খ। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এবং উহার সর্বশেষ সংশোধনী।

১। বাংলাদেশ কোস্ট গার্ডে ২০২৬-২০২৭ অর্থ বছরে কোস্টগার্ড পূর্ব জোন, চট্টগ্রামের জন্য নিম্নবর্ণিত শ্রেণীর জন্য আগ্রহী ঠিকাদারদের নতুনভাবে এবং নবায়নের নিমিত্তে তালিকাভুক্তির দরখাস্ত আহ্বান করা যাচ্ছে

শ্রেণী 'ক': সকল প্রকার পণ্য সামগ্রী, সেবা ও খুচরা যন্ত্রাংশ সরবরাহকারী প্রতিষ্ঠান।

শ্রেণী 'খ': অফিস ও অন্যান্য যন্ত্রপাতি মেরামতকারী প্রতিষ্ঠান (কম্পিউটার, প্রিন্টার, পিপিসি, মেশিন, টিভি, ফ্রিজ, এসি, ফোন, ফ্যাক্স, মাল্টিমিডিয়া, ক্যামেরা ও ভিডিও ক্যামেরা, ইউপিএস, নোট কাউন্টিং, সাইক্লোস্টাইল মেশিন ইত্যাদি)।

শ্রেণী 'গ': মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ/ জলযান মেরামতকারী প্রতিষ্ঠান।

২। 'ক' শ্রেণীভুক্ত সকল সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহকে মুসক-৮ ফরমে Procurement Provider হিসাবে এবং খ ও গ শ্রেণীভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহকে সংশ্লিষ্ট বিষয়ে মুসক-৮ ফরমে নিবন্ধিত হতে হবে।

৩। তফসিলের মূল্য, তালিকাভুক্তি ও নবায়ন ফিঃ

ক। প্রতিটি শ্রেণী ভিত্তিক তালিকাভুক্তির ফি টাকা ৫,০০০/০০ (টাকা পাঁচ হাজার মাত্র) ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরৎ যোগ্য, সরকারী কোষাগারে জমা করা হবে)।

খ। প্রতিটি শ্রেণী ভিত্তিক নবায়ন ফি টাকা ২,০০০/০০ (টাকা দুই হাজার মাত্র) ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরৎ যোগ্য, সরকারী কোষাগারে জমা করা হবে)।

৪। আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে জোনাল কমান্ডার, কোস্ট গার্ড পূর্ব জোন চট্টগ্রাম বরাবর প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ফোন ও মোবাইল নং সহ স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে। এছাড়াও প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্থায়ী ও বর্তমান ঠিকানা (যোগাযোগ নম্বরসহ) জানাতে হবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় ব্যাংক ড্রাফট/পে অর্ডার ("আয়ন ও ব্যয়ন কর্মকর্তা পূর্ব জোন") (Ayan & Bayan Officer, Coast guard East Zone, Chattogram) বরাবর সংযুক্ত করতে হবে। তালিকাভুক্তির জন্য অবিবেচিত হলে প্রদেয় অর্থ ফেরৎ দেওয়া হবে।

৫। আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। এ ছাড়াও অন্যান্য প্রয়োজনীয় সনদ/সার্টিফিকেট সংশ্লিষ্ট ইস্যুকারী অফিস হতে যাচাই/নিরীক্ষা করা হবেঃ

ক। হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি।

খ। হালনাগাদ আয়কর সনদের কপি।

গ। ভ্যাট নিবন্ধন সনদের কপি।

ঘ। ব্যাংক সক্ষমতার সনদপত্র (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলি ব্যাংক হতে) এবং গত ছয় মাসের ব্যাংক লেনদেন স্টেটমেন্ট।

ঙ। সরবরাহকারী হিসেবে অন্য কোন সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় তালিকাভুক্ত হয়ে থাকলে তার বিবরণ।

চ। আবেদনকারীর স্থায়ী ঠিকানা ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক প্রত্যয়নপত্রসহ ক্রয়কারীর সহিত চুক্তি সম্পাদনের বিষয়ে কোন আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা তার কোন কর্মচারীর উপর বিধি নিষেধ আরোপ করা হয়নি মর্মে আইনগত সক্ষমতা সমর্থনে হলফ নামা (৩০০/০০ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প নোটারি পাবলিক কর্তৃক)।

ছ। প্রতিষ্ঠানের মালিক/প্রতিনিধির সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি।

জ। পে অর্ডার এর মূল কপি।

ঝ। ড্রাগ লাইসেন্স (ঔষধ সরবরাহকারীর ক্ষেত্রে প্রযোজ্য)।

ঞ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ট। প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধির নমুনা স্বাক্ষর ০৩ (তিন) টি।

ঠ। ইতিপূর্বে কোন সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় মালমাল সরবরাহে ব্যর্থ বা অন্য কোন কারণে কালো তালিকাভুক্ত হয়ে থাকলে তার বিবরণ।

৬। বর্তমানে তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদারগণকেও তালিকাভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে। সকল প্রকার আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ ২০ এপ্রিল ২০২৬। উল্লেখ্য, অন্যান্য সরকারী সংস্থার কালো তালিকাভুক্ত/অযোগ্য প্রতিষ্ঠান সমূহের তালিকাভুক্তির আবেদন গ্রহণযোগ্য হবে না।

৭। জোনাল কমান্ডার পূর্ব জোন, কোস্ট গার্ড কোন কারণ দর্শানো ব্যতীত আবেদনপত্র বাতিল করবার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোহাম্মদ মাহফুজুল ইসলাম
কমান্ডার বিএন
পক্ষে জোনাল কমান্ডার